

সিমাগো ইনস্টিটিউট দেশের সেরা বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়

বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র‍্যাঙ্কিং প্রতিবেদনে আন্তর্জাতিক মানদণ্ডে বাংলাদেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থানের তিন সূচকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) দেশসেরা (প্রথম স্থান) হয়েছে। বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরিপে এ তথ্য উঠে এসেছে।

গতকাল প্রকাশিত জরিপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি বিশ্বে ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬ এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করেছে। অন্যদিকে জীব রসায়ন, জেনেটিকস ও মলিকুলার বায়োলজি শাখায় বশেমুরকৃবি বিশ্বে ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭ এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে।

উল্লেখ্য, একই ইনডেক্স জরিপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০ সালে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে চতুর্থ ও দ্বিতীয় স্থান লাভ করেছিল। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিক মানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া সব শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানান। বিজ্ঞপ্তি।